

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪৩১.২০.০৫৮.২৩ নথির বিষয়: “Construction of Fencing & Berbed Wire for Protection at Valve Chamber water Transmission network of SWTP.” কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: “Construction of Fencing & Berbed Wire for Protection at Valve Chamber water Transmission network of SWTP.” কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ১/৬/২৩ ৭:০০ অপরাহ্ন

অনুগ্রহ পূর্বক সংযুক্ত ক্রমিক নং- ১ হতে ৬ পর্যন্ত দেখা যেতে পারে। সবিনয়ে জানানো যাচ্ছে যে, সাঃপাঃশোঃ ফেজ-১ ও ২ এর সর্বমোট ৪৬ কিঃমিঃ দীর্ঘ পানির মেইন ট্রান্সমিশন লাইন রয়েছে। উক্ত ট্রান্সমিশন লাইনে ৪১ (এক চল্লিশ) টিনোডাল পয়েন্ট (ই-পিআরভি) রয়েছে। যা দ্বারা ঢাকা ওয়াসার ০৮(আট) টি মডস্ জোনের ডিস্ট্রিবিউশন লাইনের সাথে আন্তঃসংযোগের মাধ্যমে ঢাকা মহানগরবাসীর নিকট অত্র প্ল্যান্টের উৎপাদিত পানি সরবরাহ করা হচ্ছে। ইদানিং লক্ষ্য করা যাচ্ছে যে, মৌচাক মোড় ই-পিআরভি চেম্বার (নোডঃ এস.টি-৭), সাতরাস্তা মোড় ই-পিআরভি চেম্বার (নোডঃ এস.টি-১০) ও গুলিস্থান-টিকাটুলি ই-পিআরভি চেম্বার ভালভ চেম্বার এর টপ স্ল্যাবের উপর কতিপয় লোকজন ও সিটি কর্পোরেশন কর্তৃক ময়লা-আবর্জনা ফেলে রাখে। ফলে বর্ণিত স্থানে বিদ্যমান ০৩(তিন)টি ই-পিআরভি মেইনটেনেন্স কাজে ব্যাহত হচ্ছে, বিধায় আলোচ্য স্থানে স্থাপিত ০৩(তিন)টি ই-পিআরভি সুরক্ষিত রাখতে, তথা ই-পিআরভি ০৩(তিন)টি সুষ্ঠুভাবে মেইনটেনেন্স কাজ করতে মৌচাক মোড় ই-পিআরভি চেম্বার (নোডঃ এস.টি-৭), সাতরাস্তা মোড় ই-পিআরভি চেম্বার (নোডঃ এস.টি-১০) ও গুলিস্থান-টিকাটুলি ই-পিআরভি চেম্বার (নোডঃ এস.টি-১৭), এর টপ স্ল্যাবের উপর তার কাঁটা বেটনী নির্মাণ করা প্রয়োজন। যেহেতু আলোচ্য কাজটি উন্মুক্ত দরপত্র পদ্ধতিতে সম্পাদন করা সময় সাপেক্ষের ব্যাপার, তৎপ্রেক্ষিতে বিষয়ভুক্ত কাজটি জরুরি ভিত্তিতে পিপিআর ৭৬(১) এর(ট) অনুসারে সরাসরি কার্য ক্রয় (DPM) পদ্ধতিতে সম্পন্ন করতে অত্র বিভাগ হতে প্রস্তাবনা দেয়া হয়েছে। সে আলোকে ২০২২ ইং সনের প্রণীত সিভিল রেট সিডিউলের দরের ভিত্তিতে ০১ (এক) টি প্রাক্কলন প্রস্তুত করা হ'ল (সংযুক্ত ক্রমিক নং-৬ দ্রঃ)। প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৪,৮৮,০৪২.০২৩ (চার লক্ষ আটশি হাজার বিয়াল্লিশ দশমিক শূন্য দুই তিন মাত্র) টাকা।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ১/৬/২৩ ৭:০১ অপরাহ্ন

আলোচিত কাজটির ব্যয়ভার সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ) বিভাগের অনুকূলে ২০২২-২৩ ইং অর্থ বছরের বরাদ্দকৃত সংশোধিত বাজেটের পানির লাইন রক্ষণাবেক্ষন খাত হতে নির্বাহ করা যেতে পারে। বিষয়ে উল্লেখিত কাজটি ২০২২-২৩ ইং অর্থ বছরের সংশোধিত বার্ষিক ক্রয়-কর্ম পরিকল্পনার ক্রমিক নং-৫৫ ও প্যাকেজ নং-W-210 এ অন্তর্ভুক্ত আছে (সংযুক্ত ক্রমিক নং-১ দ্রঃ)। বর্ণিত কাজটি PPR-2008 এর বিধি ৭৬ (১) এর (ট) অনুসারে সরাসরি কার্য ক্রয় (DPM) পদ্ধতিতে সম্পন্ন করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ১/৬/২৩ ৭:০১ অপরাহ্ন


এমতাবস্থায় কর্তৃপক্ষের কাজের স্বার্থে, “Construction of Fencing & Berbed Wire for Protection at Valve Chamber water Transmission network of SWTP.” কাজে উপস্থাপিত ৪,৮৮,০৪২.০২৩ (চার লক্ষ আটশি হাজার বিয়াল্লিশ দশমিক শূন্য দুই তিন মাত্র) টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদনসহ PPR-2008 এর বিধি ৭৬ (১) এর (ট) অনুসারে সরাসরি কার্য ক্রয় (DPM) পদ্ধতিতে ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স এস.আলম কন্সট্রাকশনকে নিয়োজিত করে আলোচ্য কাজটি সম্পাদনের জন্য সদয় অনুমোদন দেয়া যেতে পারে। যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

 ৩/৬/২৩ ১২:৪৮ অপরাহ্ন মোঃ আলমগীর হোসেন উপ-সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	 ৩/৬/২৩ ৪:৪৪ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	 ৩/৬/২৩ ৬:০৯ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়োদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	 ৩/৬/২৩ ৬:০৯ অপরাহ্ন মিজী গোলাম কিব্রিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল (রক্ষণাবেক্ষণ)
---	--	---	--

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ৪/৬/২৩ ৯:৩০ পূর্বাহ্ন

Forwarded for kind approval of paragraph:1.2

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

 8/৬/২৩ ৯:৩১ পূর্বাহ্ন মিজা গোলাম কিবরিয়া তত্ত্বাবধায়ক প্রকৌশলী পানি ও পয়ঃ শোধনাগার সার্কেল	 ৪/৬/২৩ ৯:৩১ পূর্বাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)
---	---

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৪/৬/২৩ ৩:৪৩ অপরাহ্ন

অনুমোদিত

 8/৬/২৩ ৩:৪৩ অপরাহ্ন মোঃ কামরুল হাসান প্রধান প্রকৌশলী প্রধান প্রকৌশলী (পরিচলন ও রক্ষণাবেক্ষণ)	 8/৬/২৩ ৪:০৪ অপরাহ্ন সৈয়দ মোস্তাকিম হোসেন নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব) সায়াদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	 8/৬/২৩ ৯:০২ অপরাহ্ন মোহাম্মদ মশিউর রহমান ভূঞা সহকারী প্রকৌশলী সায়াদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)	 8/৬/২৩ ৯:০২ অপরাহ্ন মোঃ আলমগীর হোসেন উপ-সহকারী প্রকৌশলী সায়াদাবাদ পানি শোধনাগার (রক্ষণাবেক্ষণ)
---	--	--	--